মেহেরপুরে শ্রমজীবী মানুষের জন্য বিনামূল্যে পিঠা উৎসব

মেহেরপুরে সংযোগ কানেক্টিং পিপল ফাউন্ডেশনের উদ্যোগে শ্রমজীবী মানুষের জন্য বিনামূল্যে পিঠা উৎসবের আয়োজন করা হয়। সোমবার বিকেলে শহীদ ড. সামসুজ্জোহা পার্কে পিঠা উৎসবের আয়োজন করা হয়।

সংযোগ মেহেরপুর জেলার সভাপতি সাব্বির আহমেদের নেতৃত্বে পিঠা উৎসবে অংশগ্রহণ করেন সংযোগ মেহেরপুরের রাব্বি, তানভীর, পিয়াস, আনিকা, ইসতিয়াক, বর্ষা, বাপ্পী সহ আরো অনেকে।

এ সময় পিঠার মধ্যে চিতই পিঠা, পাটি সাপটা সহ বিভিন্ন রকম পিঠার আয়োজন করা হয়। বিনামূল্যে সমাজের ভ্যান, অটো, রিক্সা চালকদের মধ্যে খাওয়ানো হয়।

সংযোগ মেহেরপুর জেলার সভাপতি সাব্বির আহমেদ বলেন, সংযোগ ৫৫ টি জেলায় অক্সিজেন কার্যক্রমের মাধ্যমে কাজ শুরু করলেও এখন বিভিন্ন সামাজিক কার্যক্রম করে চলেছে দেশজুড়ে। তারই একটি অংশ আজকের শ্রমজীবী পিঠা উৎসব।
এরকম আয়োজন আমাদেরকে আত্মার শান্তি দেয়। আর আমরা এই আয়োজন বারংবার করতে চাই মানুষের জন্য।

মেহেরপুর সদর উপজেলা কুলবাড়িয়া গ্রামের আনসারুল বলেন বিনামূল্যে পিঠা খেতে পেরে খুব ভালো লাগছে। অনেক সময় দেখি বিভিন্ন জায়গায় পিঠা উৎসব হয় কিন্তু আমরা সেখানে যেতে পারি না তবে আমাদের মত রিক্সাওয়ালা শ্রমজীবী জন্য যে এত সুন্দর আয়োজন করেছে তার জন্য ধন্যবাদ।